

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং -৪৫.১৭৪.০০২.০৯.০০.০০৯.২০১১-৩৭

তারিখ : ০৩.০২.২০১৫ খ্রি.

প্রেরক : ড. মো: এনামুল হক
উপ সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।


বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অধীন "ইমপ্রুভড ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট" অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৪-১৫ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের আরপিএ (জিওবি) খাত হতে ৩য় কিস্তি বাবদ ৮১.২৫ লক্ষ (একাশি লক্ষ পচিশ হাজার) (রাজস্ব) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় "ইমপ্রুভড ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট" শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে চলতি ২০১৪-১৫ অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে আরপিএ (জিওবি) খাতের (১৪.০৮.২০১৪ তারিখের ৪৫.১৭৪.০০২.০৯.০০.০০৯.২০১১-৬০৬ সংখ্যক স্মারকে বর্ণিত অনুমোদিত বিভাজন অনুযায়ী) ৩য় কিস্তি বাবদ ৮১.২৫ লক্ষ (একাশি লক্ষ পচিশ হাজার) (রাজস্ব) টাকা অবমুক্তকরণে আদিষ্ট হয়ে নিম্নবর্ণিত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। এই ব্যয় চলতি ২০১৪-১৫ অর্থ বছরে ২৭, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এর আওতায় এইচপিএনএসডিপি'র অধীন "ইমপ্রুভড ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট" (কোড নং-৫-২৭০১-৫৫২০) অপারেশনাল প্ল্যানের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে বহন করা হবে।

শর্তাবলী:

- (ক) এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথ ভাবে পালন করতে হবে;
- (খ) ৪র্থ কিস্তি অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে ১ম-৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থের বিস্তারিত ব্যয় বিবরণী দাখিল করতে হবে;
- (গ) ৪র্থ কিস্তির অর্থছাড়ের প্রস্তাব প্রেরণের পূর্বেই ছাড়কৃত অর্থের ৭৫% পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ দাবী নিশ্চিত করতে হবে;
- (ঘ) কর্মসূচির অপারেশনাল প্লানে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী এবং উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সম্পাদিত কার্যকর চুক্তির শর্ত মোতাবেক এই অর্থ ব্যয় করতে হবে;
- (ঙ) ছাড়কৃত অর্থের ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দাবী থাকবেন; এবং
- (চ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে।

২। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পন করা হয়েছে সেই অনুযায়ী এবং অর্থবিভাগের ০২.০২.২০১৫ তারিখের ০৭.১০৪.০১৪.২৭০১.১০.২০১২-৯৭ নং স্মারকের সম্মতিক্রমে এ আদেশ জারি করা হলো।



(ড. মো: এনামুল হক)
উপ সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

স্মারক নং -৪৫.১৭৪.০০২.০৯.০০.০০৯.২০১১-৩৭/১(৬)

তারিখ : ০৩.০২.২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. যুগ্ম-সচিব (আঃব্যঃঅঃ) ও লাইন ডাইরেক্টর, ইমপ্রুভড ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(ড. মো: এনামুল হক)
উপ সচিব